DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 16 Aug 2026, 08:11 AM

আন্তর্জাতিক

# গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ০১:১৩ PM



ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দল। অপর একটি ভবনের নিচে চাপা পড়ে থাকা আরও ৪০ জনের দেহাবশেষ উদ্ধারে অভিযান শুরু হয়েছে।

শনিবার (১৫ আগস্ট) গাজার সিভিল ডিফেন্সের মুখপাত্র মাহমুদ বাসাল তুর্কি বার্তাসংস্থা আনাদোলু এজেন্সিকে এই তথ্য নিশ্চিত করেছেন।

মাহমুদ বাসাল আনাদোলুকে বলেছেন, পূর্ব গাজা সিটির □আসকুলা□ এলাকার □বাতনিজি□ পরিবারের ধ্বংসপ্রাপ্ত বাড়ির নিচ থেকে ১২ জনের এবং পশ্চিম গাজার □কাতিবা□ এলাকার □ঘারবিয়া□ পরিবারের বাড়ির ধ্বংসস্তূপ থেকে আরও ৯ জনের দেহাবশেষ উদ্ধার করা হয়।

এই দুটি স্থানে অনুসন্ধান সম্পন্ন করার পর সিভিল ডিফেন্সের উদ্ধারকারীরা জানতে পারেন, জেইতুন এলাকার □আল-মাঘরিবি□ পরিবারের ক্ষতিগ্রস্ত বাড়ির নিচে দীর্ঘদিন ধরে অন্তত ৪০ জনের মরদেহ চাপা পড়ে রয়েছে। তথ্য পেয়েই সেখানে তল্লাশি ও উদ্ধার অভিযান শুরু করেছে উদ্ধারকারী দল।

## এ বিভাগের আরও খবর




### ওমানকে নিয়ে হরমুজে নৌপথ বানাচ্ছে ইরান

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য একটি অস্থায়ী নৌপথ নির্ধারণে ইরান ও ওমান কাজ করছে বলে জানিয়েছেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। শাহর...



### বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি

তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...




### ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...



**লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১**

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/gajay-dui-bhbner-dhbngsstupe-millo-21-filistinir-kngkal